গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মদন, নেত্রকোণা।

স্মারক নং- ৩১.৪৫.৭২৫৬.০০০.২৩.০০১.২৩- ৫৩৯

তারিখ: ২১ এপ্রিল ২০২৪ খ্রি:

## জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি আহবান

### বিজ্ঞপ্তি নং ০২/২০২৪

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুযায়ী নেত্রকোণা মদন উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একর পর্যন্ত) ইজারাযোগ্য জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ ০৩(তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪-৩৬১ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীর সমবায় সমিতি লিঃ/ সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচী, নিয়মাবলী/ শর্তবলী ও চেকলিষ্ট অনুসরণপূর্বক আবেদনের আহবান করা যাচ্ছে।

সময়সূচি

| আবেদন ফরম বিক্রয়ের তারিখ | আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন বাক্স খোলার তারিখ ও সময় | আবেদন ফরম প্রাপ্তির স্থান | আবেদন ফরম দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ২২.০৪.২০২৪ হতে ০৬.০৫.২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালে) | ০৭.০৫.২০২৪ খ্রিঃ তারিখ বেলা- ১.৩০ ঘটিকা পর্যন্ত। | ০৭.০৫.২০২৪ খ্রিঃ তারিখ বেলা ২.৩০ ঘটিকা | ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন,নেত্রকোণা<br>২। সহকারী কমিশনার (ভূমি) মদন,নেত্রকোণা | ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন,নেত্রকোণা |

২০(বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তালিকা:

| ক্রমিক নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (২০ একর পর্যন্ত) | গড় আয়ের উপর ৫% বৃদ্ধিতে কাঙ্খিত সরকারি মূল্য | ইজারার মেয়াদ (বঙ্গাব্দ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মদন | হালিয়া বিল | ৫.৩০ একর | ৬,৩৬৭/- | ১৪৩১ হতে ১৪৩৩ | কোন জলমহালের বিষয়ে কোন মামলায় আদালতের নিষেধাজ্ঞা থাকলে কিংবা বিজ্ঞ আদালতের ইজারা সংক্রান্ত কোন প্রকার ভিন্নরূপ সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহালটি ইজারার ক্যালেন্ডারের তালিকা হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ২ | -ঐ- | ভূলিয়া বিল | ৭.১০একর | ২৮,০৭৮/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ৩ | -ঐ- | শুকুন নদী | ১০.৫৫ একর | ১৬,০৮২/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ৪ | -ঐ- | হেরেণ বিল | ২.৫৬ একর | ১৬,০৩৮/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ৫ | -ঐ- | বগাডোলা বিল | ০.১০ একর | ৩,৮২৯/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ৬ | -ঐ- | নাগরা বিল | ৫.৯০ একর | ১৩,৪০০/-- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ৭ | -ঐ- | ধলাই নদী | ১৭.১৬ একর | ১১,৫৭৭/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ৮ | -ঐ- | নাগডরা বিল | ৪.৬৬ একর | ১১,০২৫/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ৯ | -ঐ- | কদমশ্রীখাস পুকুর সরকারবাড়ী সংলগ্ন | ০.৩৩ একর | ২,৩১৬/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১০ | -ঐ- | গোবিন্দশ্রী খাস পুকুর | ০.৬৮ একর | ৭,২৪১/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১১ | -ঐ- | কুলিয়াটি পুকুর | ০.৬০ একর | ১,৭০৯/-/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১২ | -ঐ- | চানগাঁও লাল দিঘি | ২.৪০ একর | ৩,০৬২/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১৩ | -ঐ- | শিবপাশা পুকুর | ০.৬৪ একর | ৬,৭০১/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১৪ | -ঐ- | দক্ষিণ হাসনপুর পুকুর-১ | ০.৪৯ একর | ৬,৭০১/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১৫ | -ঐ- | কেশজানীপুকুর | ০.৯৫ একর | ১,৯৪৩/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১৬ | -ঐ- | জাওলা পুকুর | ১.৬৫ একর | ১২,৭৬৩/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১৭ | -ঐ- | বারড়ী বগবৎপুর | ০.৯৪ একর | ৯,৫৭১/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১৮ | -ঐ- | কাইটাইল পুকুর | ০.৮৬ একর | ১২,৭৬৩/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ১৯ | -ঐ- | দেওসহিলা পুকুর-১ | ০.৭৩ একর | ১০,৮৭৫/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ২০ | -ঐ- | দেওসহিলা পুকুর-২ | ০.৪৪ একর | ৬,৫৫৫/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ২১ | -ঐ- | দক্ষিণ হাসনপুর পুকুর -২ | ১.০৩ একর | ২০,৪২১/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ২২ | -ঐ- | জংগল ডেমারগাতী পুকুর | ১.২৬ একর | ২১,৪৪১/-- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ২৩ | -ঐ- | বৃবরিকান্দা পুকুর | ০.৫৩ একর | ৬৭,৭৩৬/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ২৪ | -ঐ- | আলমশ্রী পুকুর | ০.২০ একর | ৪,০২০/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ২৫ | -ঐ- | চাঁপাখলা নদী | ১২.২৭ একর | ৯,০৭৫/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |
| ২৬ | -ঐ- | ঘাটুয়া সুইচ গেট সংলগ্ন ডোবা | ২.০০ একর | ১২,৭৬৪/- | ১৪৩১ হতে ১৪৩৩ | |

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা ,২০০৯ এর শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২। উপরে বর্ণিত কার্যালয় হতে নির্ধারিত তারিখে অফিস চলাকালে উপজেলা নির্বাহী অফিসার, মদন,নেত্রকোণা বরাবর ৫০০/-( পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে- অর্ডার ( যে কোন তফসিলভুক্ত ব্যাংক)মূলে (অফেরতযোগ্য আবেদন ফরম ক্রয় করা যাবে। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

... দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তি পর জলমহালের আকার / আয়তন/ কোন অংশ ভরাট

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা ,২০০৯ এর শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২। উপরে বর্ণিত কার্যালয় হতে নির্ধারিত তারিখে অফিস চলাকালে উপজেলা নির্বাহী অফিসার, মদন,নেত্রকোণা বরাবর ৫০০/-( পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে- অর্ডার। যে কোন তফসিলভুক্ত ব্যাংক)মূলে (অফেরতযোগ্য আবেদন ফরম ক্রয় করা যাবে। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তি পর জলমহালের আকার / আয়তন/ কোন অংশ ভরাট হয়ে গেছে/ মাছের মড়কে ক্ষতি হয়েছে ইত্যাদি উল্লেখ করে কোন আবেদন / ক্ষতিপূরণ দাবি করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

CamScanner

৪। জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে ইজারা গ্রহিতাকে সমুদয় ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনপূর্বক সহকারী কমিশনার (ভূমি) মদন,নেত্রকোণার নিকট হতে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত সময়ে ইজারা অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৫। ইজারা গ্রহীতা সমিতিকে ২য় বৎসরের ইজারার মূল্য ও অন্যান্য করাদি ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে এবং ৩য় বৎসরের ইজারার মূল্য ও অন্যান্য করাদি একইভাবে ২য় বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং কোণ কারণ দর্শানো ব্যতিরেকেই সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান কতে পারবে।

৬। সরকার কর্তৃক সময় সময়ে জারিকৃত বিধি- বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোনো নির্দেশনা / নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

৭। মামলাভুক্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের আদেশ ( যদি থাকে) প্রতিপালন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৮। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিবন্ধন সনদ ( রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা ((ছবিসহ), নির্বাচিত নির্বাহী / কার্যকরী কমিটির তালিকা (ঠিকানা ও ছবিসহ), সকল সদস্যের নাম ঠিকানা ও ছবিসহ তালিকা এবং সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১০। মৎস্যজীবিদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

১১। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবি মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১২। সভাপিত, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১৩। আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারা মুল্যের ২০%(শতকার হারে) জামানত উপজেলা নিবাহী অফিসার, মদন,নেত্রকোণা এর- অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে ( মূল কপি)দাখিল করতে হবে।

১৪। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুলস অনুসারে) সমিতির গঠনতন্ত্র সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৫। বিগত ০২(দুই)বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/ সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৬। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবি, মাছ চাষ, শিকার ও বিপনের সাথে জরিত আছেন ও থাকবেন এবং জলমহালের ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকার নামা দাখিল করতে হবে।

১৭। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহালের নাম, ডানপাশে উপজেলা নির্বাহী অফিসার, মদন,নেত্রকোণা ও বামপাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিত থাকতে হবে।

১৮। সরকারি নীতিমালা অনুযায়িপ্রত্যেক বছরের ইজারা মুল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎস কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১৯। দরপত্র ক্রয়/ দাখিলের তারিখে সরকার কর্তৃক ছুটি গোষনা করা হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র ক্রয়/ দাখিলের তারিখ হিসাবে গণ্য করা হবে।


(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মদন, নেত্রকোণা।
ফোনঃ ০৯৫২৯-৫৬০০১
E-mail: unomadan@yahoo.com


স্মারক নং- ৩১.৪৫.৭২৫৬.০০০.২৩.০০১.২৩-৫৩৯(৩০)

তারিখ: ২১ এপ্রিল ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৬০, নেত্রকোণা- ৪ মদন, মোহনগঞ্জ, খালিয়াজুরী, নির্বাচনী এলাকা।
২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা।
৪. উপজেলা ভাইস চেয়ারম্যান/ উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলোঃ-

৫. উপজেলা ............................................................ কর্মকর্তা (সকল), মদন, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান .................................................. ইউনিয়ন পরিষদ (সকল), মদন,নেত্রকোণা।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...................................... ইউনিয়ন ভূমি অফিস,মদন,নেত্রকোণা। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি হাটের দিনে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. বিজ্ঞাপন ম্যানেজার........................................................। ইজারা বিজ্ঞপ্তিটি যথাসম্ভব ছোট্ট পরিসরে ০১(এক)দিন তাঁর পত্রিকার ভিতরের পাতায় প্রকাশ পূর্বক পত্রিকার ০২(দুই)কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯. জনাব .........................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মদন, নেত্রকোণা।
১০. জনাব.....................................................সভাপতি/সম্পাদক, ...........................................................মৎস্যজীবি সমবায় সমিতি লি:, মদন, নেত্রকোণা।
১১ নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি।


(এ.টি.এম আরিফ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মদন,নেত্রকোণা


CamScanner